

ভ্যাট দেবে কর্তৃপক্ষ সতর্ক হতে হবে শিক্ষার্থীদের : অর্থমন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী প্রতিদিন গড়ে এক হাজার টাকা খরচ করেন। এর মধ্যে তার বই-খাতা, যাতায়াত প্রভৃতি রয়েছে। সেখানে সাড়ে ৭ শতাংশ হারে এক হাজার টাকায় ৭৫ টাকা খুব বেশি কিছু নয়। গতকাল শনিবার বাংলা একাডেমি মিলনায়তনে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। 'শিক্ষাক্ষেত্রে অধিক বিনিয়োগ টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পারে' শীর্ষক ওই বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি।

অর্থমন্ত্রী বলেন, দেশের উন্নয়নের জন্য প্রয়োজন বাড়তি রাজস্ব। সরকার ভ্যাট নির্ধারণ করেছে শিক্ষার উন্নয়নের জন্যই। উপজেলা পর্যায়ের আরো স্কুল-কলেজ হচ্ছে। সেখানে টাকা লাগবে। যে কারণে বিভিন্ন ক্ষেত্রে কররোপ করতে হয়। তিনি বলেন, আমরা ভ্যাট নির্ধারণ করেছি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে। সেটা দেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের ওপর এই ভ্যাট থাকবে না। তবে শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেন এই সুযোগে টিউশন ফি বাড়িয়ে দিতে না পারে সেদিকে শিক্ষার্থীদের সজাগ থাকতে হবে। সেটা না করে তারা ভ্যাট নিয়ে আন্দোলন করছে।

প্রতিযোগিতায় সারাদেশের দুই হাজার স্কুল শিক্ষার্থী অংশ নেয়। বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে মুখোমুখি হয় মুন্সীগঞ্জের বঙ্গযোগিনী জে কে উচ্চ বিদ্যালয় ও নাটোরের অগ্রণী উচ্চ বিদ্যালয়। দুইটি স্কুলের শিক্ষার্থীদের যুক্তিনির্ভর বক্তব্য শোনেন অর্থমন্ত্রী। বিতর্কে চ্যাম্পিয়ন হয় মুন্সীগঞ্জের বঙ্গযোগিনী জে কে উচ্চ বিদ্যালয়।

অনুষ্ঠানে অর্ধেক উপস্থিত ছিলেন শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, এটিএন বাংলার চেয়ারম্যান মাহফুজুর রহমান, ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ কিরণ প্রমুখ। এতে সভাপতিত্ব করেন ব্র্যাকের নির্বাহী পরিচালক ড. আবু মুসা। অনুষ্ঠান সম্বালনা করেন খন্দকার ইসমাইল।

প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলকে ৩০ হাজার টাকা, রানার-আপ দলকে ২৫ হাজার টাকা এবং শ্রেষ্ঠ বক্তাকে ৫ হাজার টাকা পুরস্কার হিসেবে অর্থসহ ট্রফি, ফ্রেস্ট, মেডেল ও সনদপত্র প্রদান করা হয়।